

# বাংলাদেশের খবর



সারাদেশ

## শ্রীপুরে ফুটি কার্পাসের পুনরুদ্ধার : ঢাকাই মসলিনের নতুন অধ্যায়



শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

প্রকাশ: ০৮ ডিসেম্বর ২০২৫, ১৫:৪৮



ফুটি কার্পাস

গাজীপুরের শ্রীপুর উপজেলার তুলা গবেষণা কেন্দ্রের মাঠে আবার ফুটে উঠেছে বাঙালির হারানো ঐতিহ্যের মূল উপকরণ ফুটি কার্পাস। মসলিন তৈরির জন্য ব্যবহৃত এই দুর্লভ উদ্ভিদ বহু বছর বিলুপ্তপ্রায় অবস্থায় থাকলেও সাম্প্রতিক গবেষণা ও সংরক্ষণ প্রচেষ্টায়

শ্রীপুরের মাটিতে বেড়ে উঠছে শতাধিক গাছ।

সরেজমিনে তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজবর্ধন খামারে দেখা যায় লম্বা নরম কাণ্ড, ঘন ডালপালা আর শাখায় ফ্যাকাশে হলুদ ও সাদাটে ফুলে ভরপুর গাছগুলো। পাশে তুলা উন্নয়ন বোর্ডের বিশেষ নামফলক জানিয়ে দেয়, গাছগুলো সংরক্ষণে চলছে বিশেষ উদ্যোগ। উদ্ভিদটির বৈজ্ঞানিক নাম *Gossypium arboreum var. neglecta*। এটি বহুবর্ষজীবী এবং আয়ু প্রায় ১৫ বছর। বছরে দুই দফায় ফুল ধরে। নভেম্বর-ডিসেম্বরে বেশি ও মার্চ-এপ্রিলে তুলনামূলক কম।

শিল্প-ঐতিহ্যের অংশ ঢাকাই মসলিনের শেষ প্রদর্শনী হয়েছিল লন্ডনে ১৮৫০ সালে। দীর্ঘদিন হারিয়ে থাকা এই ঐতিহ্য ১৭০ বছর পর নতুন আলোচনায় আসে ২০২০ সালে, যখন নারায়ণগঞ্জের দুই তাঁতি পুরোনো নকশায় একটি মসলিন শাড়ি পুনরায় তৈরি করতে সক্ষম হন। তবে মসলিন পুনর্জাগরণ প্রকল্পের সবচেয়ে বড় চ্যালেঞ্জ ছিল ফুটি কার্পাসের দুর্লভতা। বিখ্যাত মসলিনের সূক্ষ্মতম সুতা এই তুলা ছাড়া সম্ভব ছিল না।

গবেষকদের উদ্যোগে সারাদেশে অনুসন্ধান চালানো হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীর আঁকা চিত্র সংবাদপত্রে বিজ্ঞাপন হিসেবে ছাপানোর পর তদন্তে মিলেছে চার জাতের ফুটি কার্পাস গাজীপুরের কাপাসিয়া, দিনাজপুর, বাগেরহাট ও পার্বত্য চট্টগ্রাম থেকে।

তুলা উন্নয়ন বোর্ডের কটন অ্যাগ্রোনমিস্ট মো. আবদুল ওয়াহাব জানান, ‘চার জাতের প্রতিটির ৪০টি করে মোট ১৬০টি গাছ গবেষণার জন্য শ্রীপুর খামারে রোপণ করা হয়েছে। গাছগুলোর ফেনোটাইপিক বৈশিষ্ট্য ও তুলার গুণগত মান যাচাই চলছে। ফুটি কার্পাস দ্রুত বৃদ্ধি পায় এবং শক্ত, উজ্জ্বল আঁশযুক্ত তুলা উৎপাদন করে। এই তুলাই ছিল প্রাচীন ঢাকাই মসলিনের প্রাণ।’

স্থানীয়দের দাবি, শ্রীপুরে একটি উন্নত মসলিন গবেষণা ইনস্টিটিউট স্থাপন জরুরি। এতে ফুটি কার্পাস সংরক্ষণ, বীজ উৎপাদন এবং মসলিন শিল্পের পূর্ণ পুনরুজ্জীবন ত্বরান্বিত হবে।

তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা আ.ন.ম. জহির উদ্দিন বলেন, ‘ফুটি কার্পাসের পুনরুদ্ধার শুধু গবেষণার সাফল্য নয়, এটি আমাদের ঐতিহ্য ও সংস্কৃতি পুনরুদ্ধারের বড় পদক্ষেপ।’

আতাউর রহমান সোহেল/এনএ

# বাংলাদেশের খবর

সম্পাদকমণ্ডলীর সভাপতি  
মোস্তফা কামাল মহীউদ্দীন

ভারপ্রাপ্ত সম্পাদক  
সৈয়দ মেজবাহ উদ্দিন

প্রধান, ডিজিটাল সংস্করণ  
হাসনাত কাদীর

২০২৫ © বাংলাদেশের খবর কর্তৃক সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

বার্তা ও বাণিজ্যিক কার্যালয়: প্লট নং-৩১৪/এ, রোড-১৮, ব্লক-ই, বসুন্ধরা আ/এ, ঢাকা-১২২৯। পিএবিএক্স :  
৫৫০৩৬৪৫৬-৭, ৫৫০৩৬৪৫৮ ফ্যাক্স : ৮৪৩১০৯৩ সার্কুলেশন: ০১৮৪৭-৪২১১৫২ বিজ্ঞাপন : ০১৮৪৭-০৯১১৩১,  
০১৭৩০-৭৯৩৪৭৮, ০১৮৪৭-৪২১১৫৩, ০১৩২২-৯১০৪২২ Email: newsbnel@gmail.com, বিজ্ঞাপন:  
bkhaboradvdt2021@gmail.com